সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/১৪৫

তারিখঃ ৮ জুন, ২০২৬

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ ভ্যাটের সকল পেপার রিটার্ন e-VAT System এ এন্ট্রি করণ প্রসঙ্গে।**

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ডের প্রেস বিজ্ঞপ্তি তারিখঃ ০৭ জুন, ২০২৬ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। এ যাবতকালে দাখিলকৃত ভ্যাটের সকল পেপার রিটার্ন e-VAT System এ এন্ট্রি করার জন্য Hard Copy Return Entry নামে একটি সাব-মডিউল সংযোজন করে গত ৩১/৩/২০২৬ তারিখের মধ্যে হার্ডকপি রিটার্ন এন্ট্রি করার সময়সীমা নির্ধারণ পূর্বক জাতীয় রাজস্ব বোর্ড গত ০৫/০১/২০২৬ তারিখে একটি পরিপত্র জারী করেছিল। কিন্তু সুত্রোক্ত প্রেস বিজ্ঞপ্তি মারফত জানা যায় যে, এখনো উল্লেখযোগ্য সংখ্যক হার্ডকপি রিটার্ন অনলাইনে এন্ট্রি হয়নি।

জাতীয় রাজস্ব বোর্ড জুলাই-২০২৬ হতে অনলাইনে ভ্যাট রিটার্ন দাখিল বাধ্যতামূলক করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ কারণে যে সকল প্রতিষ্ঠান হার্ডকপি রিটার্ন দাখিল করেছে কিন্তু অনলাইন সিস্টেমে এন্ট্রি করেনি তাদের ক্ষেত্রে ৩০ জুন, ২০২৬ পর্যন্ত সময়সীমা বৃদ্ধি করা হয়েছে। যে সকল প্রতিষ্ঠান উক্ত সময়ের মধ্যে হার্ডকপি রিটার্ন ই-ভ্যাট সিস্টেমে এন্ট্রি করবে না, সে সকল প্রতিষ্ঠানের Closing Balance মে-২০২৬ মাস হতে অপরিচলনযোগ্য (Freeze) করা হবে, অর্থাৎ উক্ত স্থিতির বিপরীতে কোন সমন্বয় করা যাবে না। অপরদিকে, রিফান্ড আবেদন বিবেচনার ক্ষেত্রে যেহেতু শতভাগ রিটার্ন অনলাইনে থাকা বাধ্যতামূলক, তাই পূর্বের সকল পেপার ভ্যাট রিটার্ন ই-ভ্যাট সিস্টেমে এন্ট্রি না করলে প্রতিষ্ঠান কোন রিফান্ডের আবেদন দাখিল করতে পারবে না।

এমতাবস্থায়, আপনাদের প্রতিষ্ঠানের এ যাবতকালের হার্ড কপি আকারে দাখিলকৃত যে সকল মাসিক রিটার্ন অনলাইন সিস্টেমে এন্ট্রি করা হয়নি তা আগামী ৩০ জনু, ২০২৬ সয়সীমার মধ্যে **e-VAT System** এর Hard Copy Return Entry সাব-মডিউলে এন্ট্রি করার নিমিত্তে সংশ্লিষ্ট সকলকে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য আপনাদেরকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

৮/৬/২৬

**মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)**
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ণনামতে।



BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট# এফ ১/এ, আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২১৭
www.nbr.gov.bd

তারিখঃ ৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

## ভ্যাটের সকল পেপার রিটার্ন e-VAT System এ এন্ট্রি করণ

e-VAT System এ সংরক্ষণ করার জন্য করদাতাগণ কর্তৃক এযাবতকালে হার্ড কপি আকারে দাখিলকৃত সকল মাসিক রিটার্ন অনলাইন সিস্টেমে এন্ট্রি করার জন্য e-VAT System এ Hard Copy Return Entry নামে একটি নতুন সাব-মডিউল সংযোজন করা হয়েছে। উক্ত সাব-মডিউলটির কর্মসম্পাদন প্রক্রিয়ার বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড গত ০৫/০১/২০২৬ তারিখে একটি পরিপত্র জারি করেছে। পরিপত্র অনুযায়ী ৩১/০৩/২০২৬ তারিখের মধ্যে সকল হার্ডকপি রিটার্ন অনলাইনে এন্ট্রি করার জন্য সময়সীমা নির্ধারণ করা হয়েছিল। কিন্তু e-VAT System হতে দেখা যাচ্ছে যে, এখনো উল্লেখযোগ্য সংখ্যক হার্ডকপি রিটার্ন অনলাইন সিস্টেমে এন্ট্রি হয়নি।

জাতীয় রাজস্ব বোর্ড জুলাই-২০২৬ হতে অনলাইনে ভ্যাট রিটার্ন দাখিল বাধ্যতামূলক করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ কারণে যে সকল প্রতিষ্ঠান হার্ডকপি রিটার্ন দাখিল করেছে কিন্তু অনলাইন সিস্টেমে এন্ট্রি করেনি তাদের ক্ষেত্রে ৩০ জুন, ২০২৬ পর্যন্ত সময়সীমা বৃদ্ধি করা হলো। যে সকল প্রতিষ্ঠান উক্ত সময়ের মধ্যে হার্ডকপি রিটার্ন e-VAT সিস্টেমে এন্ট্রি করবে না, সে সকল প্রতিষ্ঠানের Closing Balance মে-২০২৬ মাস হতে অপরিচলনযোগ্য (Freeze) করা হবে, অর্থাৎ উক্ত স্থিতির বিপরীতে কোন সমন্বয় করা যাবে না। অপরদিকে, রিফান্ড আবেদন বিবেচনার ক্ষেত্রে যেহেতু শতভাগ রিটার্ন অনলাইনে থাকা বাধ্যতামূলক, তাই পূর্বের সকল VAT রিটার্ন e-VAT সিস্টেমে এন্ট্রি না করলে প্রতিষ্ঠান কোন রিফান্ডের আবেদন দাখিল করতে পারবে না ।

জাতীয় রাজস্ব বোর্ডের সকল কার্যক্রম ডিজিটাল করার মাধ্যমে কর ব্যবস্থায় স্বচ্ছতা ও জবাবদীহিতা আনার চলমান উদ্যোগে সম্মানিত করাদাতাগণের সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

-জাতীয় রাজস্ব বোর্ড